যুগান্তর

তারিখ ০৬ SEP 2017
পৃষ্ঠা ৭ কলাম ৬

ঢাবি ভিসি নিয়োগ

# বিতর্ক থাকলেও আইনে ব্যত্যয় ঘটেনি

— শিক্ষামন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগে বিতর্ক থাকলেও আইনের কোনো ব্যত্যয় ঘটেনি। ভিসি নিয়োগের ব্যাপারে মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন।

বিদায়ী ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের মেয়াদ শেষ হয় ২৪ আগস্ট। এ কারণে একাডেমিক ও প্রশাসনিক কাজ পরিচালনার স্বার্থে ভিসি নিয়োগের কথা উল্লেখ করে সোমবার শিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে। তাতে ওই বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে সম্পূর্ণ সাময়িকভাবে ভিসির দায়িত্ব দেয়ার কথা উল্লেখ করা হয়। কিন্তু এ নিয়ে বিভিন্ন মহল থেকে কথা ওঠে। ইতিপূর্বে সিনেটে তৈরি ভিসি নিয়োগের প্যানেল নিয়ে উচ্চ আদালতে মামলা আছে। ওই মামলার ওপর ৩ আগস্ট আপিল বিভাগে শুনানি হয়। ওই দিন আপিল বিভাগ বলেছেন, রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে দায়িত্ব পালন করে যাবেন অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

তারপরও কীভাবে ভিসি নিয়োগ করা হলো সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, নিয়োগ নিয়ে বিতর্ক রয়েছে। তবে আইনের ব্যত্যয় ঘটেনি। রাষ্ট্রপতি এটি করতে পারেন। সংবিধানে এ ক্ষমতা তাকে দেয়া আছে। তিনি ভারপ্রাপ্ত ভিসি নিয়োগ দেননি। একজন প্রোভিসিকে সাময়িক ভিসি নিয়োগ দেয়া হয়েছে।